# গণ বিশ্ববিদ্যালয়

একটি ব্যতিক্রমধর্মী বিশ্ববিদ্যালয়

ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত

## ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭

### গণ বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহ

- কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ
- স্বাস্থ্য বিজ্ঞান অনুষদ
- বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ
- ভেটেরিনারি ও এনিমেল সায়েন্সেস অনুষদ
- কৃষি অনুষদ




**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন**

নলাম, মির্জানগর, সাভার, ঢাকা-১৩৪৪ (জাতীয় স্মৃতিসৌধের সন্নিকটে)

মোবাইল : ০১৯৫০-০০৩১২-১৪,

Email : admission@gonouniversity.edu.bd, Website : www.gonouniversity.edu.bd

## ভূমিকা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে রাজধানী ঢাকার সন্নিকটে, সাভারে মনোরম প্রাকৃতিক পরিবেশে প্রায় ৩২ একর জমিতে নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত। ১৯৯৮ সাল থেকে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে গণ বিশ্ববিদ্যালয় এবং এটি একটি ব্যতিক্রমধর্মী অলাভজনক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়েছে মুক্তিযুদ্ধের চেতনায় এবং মুক্তচিন্তার প্রত্যয়ে। গণ বিশ্ববিদ্যালয়ের স্বপ্নদ্রষ্টা ও রূপকার গণস্বাস্থ্য কেন্দ্রের অন্যতম প্রতিষ্ঠাতা ট্রাস্টি প্রয়াত ডা. জাফরুল্লাহ চৌধুরী। বিশ্ববিদ্যালয়টি পরিচালিত হয় দেশের বিশিষ্ট শিক্ষানুরাগীদের নিয়ে গঠিত ট্রাস্টি বোর্ডের মাধ্যমে।

গণ বিশ্ববিদ্যালয়ের জ্ঞান অনুসন্ধান সাধারণ মানুষের কল্যাণের পথ সন্ধানে, নারী-পুরুষের সমান অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে এবং প্রকৃতিকে মানব জীবনের সঙ্গী গণ্য করে প্রকৃতির সুস্বাস্থ্য রক্ষায় নিয়োজিত। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রম দেশের আধুনিক খাত যেমন শিল্প, বাণিজ্য, ব্যাংকিং, তথ্য প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, সরকার, উন্নয়ন, সেবা প্রতিষ্ঠান প্রভৃতির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে প্রণয়ন করা, যাতে করে এই বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটেরা দেশের আধুনিক খাতের বিকাশে অবদান রাখতে পারে। গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রমে প্রচলিত পাঠ্যক্রম ছাড়াও এদেশের ঐতিহ্য, স্বাধীনতা সংগ্রাম, মানুষের জীবন, সংস্কৃতি, সৃষ্টিশীলতা, নারী-পুরুষ বৈষম্য, মানুষ ও পরিবেশ এ সকল বিষয়াদি অন্তর্ভুক্ত রয়েছে।

গণ বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ের তুলনায় কম এবং নিম্নবিত্তের সামর্থ্যের মধ্যে। গণ বিশ্ববিদ্যালয় সর্বদা গ্রাম থেকে আগত, শহীদ পরিবারের সন্তান, মুক্তিযোদ্ধা, উপজাতি ও ক্ষুদ্র নৃগোষ্ঠী, সংখ্যালঘু এবং অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি ও টিউশন ফি'র উপর বিশেষ ছাড় দিয়ে থাকে। গণ বিশ্ববিদ্যালয় গ্রামের পশ্চাৎপদ নারীদের উচ্চশিক্ষায় আগ্রহী করার প্রত্যয়ে নানা ধরণের সুযোগ প্রদান করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত গ্রেডসহ ৯০% ক্লাসে উপস্থিত থাকলে শিক্ষার্থীদের টিউশন ফি-এর উপর ৫০%পর্যন্ত টিউশন ফি ওয়েভার প্রদান করে থাকে।

গণ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার প্রতিটি বিভাগের পর্যাপ্ত বই-পুস্তক, দেশী-বিদেশী জার্নালসমৃদ্ধ। শিক্ষার্থীদের জন্য মাল্টিমিডিয়াসহ অত্যাধুনিক ক্লাসরুম এবং আধুনিক যন্ত্রপাতিসমৃদ্ধ ল্যাবরেটরি রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম অটোমেশনের আওতাভুক্ত অর্থাৎ বিশ্ববিদ্যালয়ে ভর্তি, সেমিস্টার ফি প্রদান ও পরীক্ষার ফলাফল প্রকাশ অনলাইনভিত্তিক।

গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ নিষ্ঠাবান, উচ্চ ডিগ্রিধারী ও পূর্ণকালীন। শিক্ষার্থী ও শিক্ষক উভয়ের কাজের জবাবদিহিতা নিশ্চিত করা হয়। এছাড়া গণ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সম্পূর্ণরূপে অরাজনৈতিক, ধূমপান ও মাদকমুক্ত। শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক বিকাশের লক্ষ্যে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শরীরচর্চা ও সাংস্কৃতিক চর্চার সুযোগ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সুবিশাল খেলার মাঠ রয়েছে। এছাড়া আউটডোর এবং ইনডোর গেমসের পর্যাপ্ত সুযোগ রয়েছে। এরই ধারাবাহিকতায় গণ বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ-২০১৯ এ ৬৫টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে এবং ২০২২-এ ১২৫টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে যথাক্রমে ১০টি ইভেন্টের মধ্যে ৪টি ইভেন্টে চ্যাম্পিয়ন এবং ১২টি ইভেন্টের মধ্যে ৬টি স্বর্ণপদক, ১০টি রৌপ্য ও ৩টি ব্রোঞ্জপদক অর্জন করে।

## গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম

- ❑ গণ বিশ্ববিদ্যালয়ের সকল ব্যাচেলর/স্নাতক ডিগ্রিসমূহ ৪ বছর মেয়াদী ৮টি সেমিস্টারে সম্পন্ন করতে হয়। তবে বিশেষ ক্ষেত্রে সর্বোচ্চ ৬ বছরে অর্থাৎ ১২ সেমিস্টারের মধ্যে ব্যাচেলর/স্নাতক ডিগ্রি সম্পন্ন করতে পারবে।
- ❑ ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের শিক্ষার্থীদের স্নাতক ডিগ্রির সময়কাল ৫ বছর অর্থাৎ ১০ সেমিস্টার। তবে কোন শিক্ষার্থী সর্বোচ্চ ৬ বছরের অর্থাৎ ১২ সেমিস্টারের মধ্যে ভেটেরিনারি ও এনিমেল হাজবেন্ড্রি ডিগ্রি সম্পন্ন করতে পারবে।
- ❑ নির্ধারিত সময়ের মধ্যে ব্যাচেলর/স্নাতক ডিগ্রি সম্পন্ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে কর্তৃপক্ষের নিকট থেকে রেজিস্ট্রেশন-এর মেয়াদ বৃদ্ধির অনুমোদন সাপেক্ষে অসম্পূর্ণ শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

## গণ বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনের যোগ্যতা

স্নাতক (সম্মান) পাঠক্রমে ভর্তি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদিত নিয়মে করা হয়। বর্তমান সেমিস্টারে ভর্তি-ইচ্ছুক আবেদনকারীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রতিটিতে ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে অথবা উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম GPA 2.5 কাম্য। যে কোন একটিতে GPA 2.5 -এর কম থাকলে সম্মিলিতভাবে GPA 6.0 কাম্য।

## পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি

- ❖ সকল সেমিস্টারের প্রতিটি কোর্সের জন্য Class Attendance, Class Test, Midterm-এর নম্বর চূড়ান্ত পরীক্ষার সাথে যোগ হয়।
- ❖ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কমপক্ষে ৭০% ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক। তবে ৫৫% ক্লাসে উপস্থিতি থাকলে প্রতি কোর্সের জন্য ২০০০/-(দুই হাজার টাকা) উপস্থিতি জরিমানা দিয়ে সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- ❖ ফাইনাল পরীক্ষার ফলাফলে দুই এর অধিক কোর্সে অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থী পরবর্তী সেমিস্টারে উন্নীত (Promoted) হবে না। তবে ১ বা ২টি কোর্সে অকৃতকার্য হলে পরবর্তী সেমিস্টারে উন্নীত (Promoted) হতে পারবে এবং অকৃতকার্য কোর্সসমূহের জন্য ১ মাস পর সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশ নিতে পারবে।
- ❖ অকৃতকার্য কোর্সের সাপ্লিমেন্টারি পরীক্ষা সর্বোচ্চ ২ বার দেয়া যায় এবং কোন শিক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় B বা তার নিচের গ্রেড পেলে সাপ্লিমেন্টারি পরীক্ষার সাথে ৩,০০০ (তিন হাজার) টাকা পরিশোধ সাপেক্ষে ১ বার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অকৃতকার্য (Not Promoted) শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের ১৫ দিনের মধ্যে পরবর্তী ব্যাচের সাথে পুনঃভর্তি হতে হবে। একজন শিক্ষার্থী এক সেমিস্টারে সর্বোচ্চ ২ বার এবং সম্পূর্ণ স্নাতক প্রোগ্রামে সর্বোচ্চ ৪ বার পুনঃভর্তি হতে পারবে।
- ❖ বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম অটোমেশনের আওতাভুক্ত। সেমিস্টারের সকল ক্লাস শেষ হলে শিক্ষার্থীরা নিজ নিজ Student Portal এর মাধ্যমে সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের আবেদন করবে এবং পরীক্ষা শেষে নিজ নিজ Student Portal এ নিজের ফলাফল দেখতে পারবে।
- ❖ নির্ধারিত সময়ে সেমিস্টার ফি পরিশোধ সাপেক্ষে ক্লাসে ৯০% উপস্থিতি এবং সকল বিষয়ে A+ প্রাপ্ত হলে শিক্ষার্থী পরবর্তী সেমিস্টারের টিউশন ফি-এর উপর ৫০% ওয়েভার পাবে। একইভাবে ক্লাসে ৯০% উপস্থিতি এবং সকল বিষয়ে A প্রাপ্ত হলে টিউশন ফি-এর উপর ৩৫% এবং ৯০% উপস্থিতি এবং সকল বিষয়ে B+ প্রাপ্ত হলে টিউশন ফি-এর উপর ২৫% ওয়েভার পাবে। উল্লেখ্য যে, যথাসময়ে টিউশন ফি পরিশোধ না করা হলে ক্লাসে ৯০% উপস্থিতি ও ফলাফলের উপর ওয়েভার প্রাপ্য হবে না।
- ❖ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে শিক্ষার্থীর উক্ত কোর্সের পরীক্ষা বাতিলসহ ২০,০০০/-(বিশ হাজার টাকা) জরিমানা প্রদান করতে হবে।

## সেমিস্টার ও অন্যান্য ফি জমাদানের নিয়মাবলী

- সেমিস্টার ফিসহ বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার পাওনা Online Payment Gateway-এর মাধ্যমে প্রদান করা যাবে।
- শিক্ষার্থীরা সেমিস্টার ফি দুই কিস্তিতে পরিশোধ করতে পারবে। সেমিস্টার ফি-এর ৫০% মিড টার্ম পরীক্ষার ৭ দিন পূর্বে এবং অবশিষ্ট ৫০% সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরুর ৭ দিন পূর্বে পরিশোধ করতে পারবে। নির্ধারিত সময়ে সেমিস্টার ফি জমা না দিলে ১০০০ টাকা জরিমানা ধার্য হবে। উল্লেখ্য যে, যথাসময়ে টিউশন ফি পরিশোধ না করা হলে ক্লাসে ৯০% উপস্থিতি ও ফলাফলের উপর ওয়েভার প্রাপ্য হবে না।
- সেমিস্টার ফি বকেয়া থাকলে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া বকেয়া পরিশোধ না হলে কোন শিক্ষার্থীর Student Portal-এ ফলাফলও দেখতে পাবে না।

## ভর্তি বাতিল

- গণ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর ভর্তি বাতিল বা পড়ালেখা না করলে ভর্তির সময়ে প্রদেয় কোন টাকা ফেরত প্রদান করা হয় না। এ ব্যাপারে কোন প্রকার আবেদন কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য নয়।
- কোন শিক্ষার্থী ভর্তির সময়ে জমাকৃত এসএসসি ও এইচএসসি পাশের মূল মার্কসীট ফেরত নিতে চাইলে তাকে পরবর্তী এক সেমিস্টারের টাকা পরিশোধ করতে হবে।

## শৃঙ্খলা ভঙ্গের শাস্তি

(ক) কোন ছাত্র গণ বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা ভঙ্গ করলে তাকে প্রদত্ত বৃত্তিসহ অন্যান্য সকল প্রকার সুযোগ-সুবিধা প্রত্যাহার করা হবে এবং তা ছাত্রকে সেমিস্টার ফি'র সাথে ফেরত দিতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট ছাত্র ভবিষ্যতেও গণ বিশ্ববিদ্যালয়ের বৃত্তি, টিউশন ফি হ্রাস বা মওকুফ সুবিধা পাবে না। বিশ্ববিদ্যালয়ের ক্ষতির পুরো খরচ অভিভাবক বহন করবেন-এই মর্মে অভিভাবককে নিশ্চয়তা দিতে হবে। শৃঙ্খলা বিরোধী কাজের জন্য সংশ্লিষ্ট ছাত্রকে এক বা একাধিক সেমিস্টারের জন্য অথবা চূড়ান্ত বহিষ্কারের অধিকার গণ বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে। উল্লেখ্য যে, গণ বিশ্ববিদ্যালয়ে কোন প্রচারপত্র বিলি করা, পোস্টার টাঙানো, ক্লাস কক্ষে মিটিং করা, শ্লোগান দেওয়া, র‍্যাগিং দেওয়া, উস্কানিমূলক কার্যকলাপে লিপ্ত থাকা প্রমাণিত হলে শিক্ষার্থীকে কমপক্ষে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা জরিমানা এমনকি বহিষ্কারও করা হতে পারে।

(খ) পরীক্ষার হলে কোন শিক্ষার্থী অসুদপায় অবলম্বন করলে তার বিরুদ্ধে "পাবলিক পরীক্ষা (অপরাধ) আইন-১৯৮০" অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## টিউশন ফি

### সেমিস্টার ভিত্তিক শিক্ষা ব্যয়

### কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ (FACULTY OF ARTS & SOCIAL SCIENCE)

| ক্রমিক নং | অনার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | ৫ম সেমিস্টার | ৬ষ্ঠ সেমিস্টার | ৭ম সেমিস্টার | ৮ম সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বিএ (অনার্স) বাংলা<br>B A (Hons.) in Bangla | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৫২ | ১৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ৩৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২,০০,০০০ |
| ২ | বিএ (অনার্স) ইংরেজী<br>B A (Hons.) in English | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৫২ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪৫,০০০ | ৫০,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৩,৫০,০০০ |
| ৩ | বিএসএস (অনার্স) রাজনীতি ও প্রশাসন<br>BSS (Hons.) in Politics & Governance | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪১ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৫০,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৪০,০০০ | ৩,০০,০০০ |
| ৪ | এলএল বি (অনার্স)<br>LL. B (Hons.) | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪০ | ৬০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৬০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫৫,০০০ | ৪,২৫,০০০ |
| ৫ | বিএসএস (অনার্স) সমাজবিজ্ঞান ও সমাজকর্ম<br>BSS (Hons.) in Sociology and Social Works | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৫০,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৪০,০০০ | ৩,০০,০০০ |
| ৬ | ব্যবসায় প্রশাসন<br>Bachelor of Business Administration (BBA) | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৪,২৫,০০০ |

| ক্রমিক নং | মাস্টার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | এমএ বাংলা<br>MA in Bangla | ১/২ বৎসর<br>২/৪ সেমিস্টার | ৩২/৬৪ | ৩৫,০০০ | ৪০,০০০ | ১০,০০০ | ১৫,০০০ | ৭৫,০০০/<br>১,০০,০০০ |
| ৮ | এমএ ইংরেজী<br>MA in English (ELT) | ১/২ বৎসর<br>২/৪ সেমিস্টার | ৩২ | ৫০,০০০ | ৫০,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ১,০০,০০০/<br>১,৫০,০০০ |
| ৯ | এমএসএস রাজনীতি ও প্রশাসন<br>MSS in Politics & Governance | ১/২ বৎসর<br>২/৪ সেমিস্টার | ৪২/৮৪ | ৩৫,০০০ | ৪০,০০০ | ১০,০০০ | ১৫,০০০ | ৭৫,০০০/<br>১,০০,০০০ |
| ১০ | এলএল এম<br>LL. M | ১ বৎসর<br>২ সেমিস্টার | ৪০ | ৫০,০০০ | ৫০,০০০ | --- | --- | ১,০০,০০০ |
| ১০ | এমএসএস সমাজবিজ্ঞান<br>MSS Sociology | ১ বৎসর<br>২ সেমিস্টার | ৪০ | ৩৫,০০০ | ৪০,০০০ | --- | --- | ৭৫,০০০ |

## স্বাস্থ্য বিজ্ঞান অনুষদ (FACULTY OF HEALTH SCIENCE)

| ক্রমিক নং | অনার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | ৫ম সেমিস্টার | ৬ষ্ঠ সেমিস্টার | ৭ম সেমিস্টার | ৮ম সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বি ফার্ম<br>B. Pharm | ৪ বৎসর<br>৬ মাস ইন্টার্ণশিপ<br>৮ সেমিস্টার | ১৬২ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৬,০০,০০০ |
| ২ | বিএসসি (অনার্স) ইন মাইক্রোবায়োলজি<br>B. Sc (Hons.) in Microbiology | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪০ | ৪০,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৩,৭৫,০০০ |
| ৩ | বিএসসি (অনার্স) ইন বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি*<br>B. Sc (Hons.) in Biochemistry & Molecular Biology | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৫০ | ৪০,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৫০,০০০ | ৩,৭৫,০০০ |

| ক্রমিক নং | মাস্টার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | এম ফার্ম<br>M. Pharm | ১ বৎসর<br>২ সেমিস্টার | ৩২ | ৬০,০০০ | ৬০,০০০ | --- | --- | ১,২০,০০০ |
| ৫ | এমএস ইন মাইক্রোবায়োলজি<br>MS in Microbiology | ১ বৎসর<br>২ সেমিস্টার | ৩৬ | ৫০,০০০ | ৫০,০০০ | --- | --- | ১,০০,০০০ |
| ৬ | এমএসসি ইন বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি<br>M. Sc in Biochemistry & Molecular Biology | ১ বৎসর<br>২ সেমিস্টার | ৩০ | ৫০,০০০ | ৫০,০০০ | --- | --- | ১,০০,০০০ |

* বিএসসি (অনার্স) ইন বায়োকেমিষ্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-এর ছাত্ররা ৭ম ও ৮ম সেমিষ্টারে (৫,০০০ + ৫,০০০) = ১০,০০০ টাকা ইন্টার্ণশিপ খরচ বাবদ অতিরিক্ত প্রদান করবে।

## বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ (FACULTY OF SCIENCE & ENGINEERING)

| ক্রমিক নং | অনার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | ৫ম সেমিস্টার | ৬ষ্ঠ সেমিস্টার | ৭ম সেমিস্টার | ৮ম সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বিএসসি (অনার্স) ফলিত গণিত<br>B. Sc (Hons.) in Applied Mathematics | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৫০ | ১৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ৩৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ | ২,০০,০০০ |
| ২ | বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>B. Sc in Computer Science & Engineering | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৬০ | ৫০,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৫৫,০০০ | ৬০,০০০ | ৬০,০০০ | ৬০,০০০ | ৪,৫০,০০০ |
| ৩ | বিএসসি (অনার্স) ইন মেডিকেল ফিজিক্স এন্ড বায়োঃ ইঞ্জিঃ<br>B.Sc (Hons.) in Medical Physics & Bio-Medical Engg. | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৬০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৩,০০,০০০ |
| ৪ | বিএসসি (অনার্স) পদার্থবিজ্ঞান<br>B.Sc (Hons.) in Physics | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪৭ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ২,৫০,০০০ |
| ৫ | বিএসসি (অনার্স) রসায়ন<br>B.Sc (Hons.) in Chemistry | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৪৮ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ২,৫০,০০০ |
| ৬ | বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ<br>B.Sc in Electrical and Electronic Engg. (EEE) | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৬২.৫ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৩৫,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ | ৩,০০,০০০ |

| ক্রমিক নং | মাস্টার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | এমএসসি ইন মেডিকেল ফিজিক্স এন্ড বায়োঃ ইঞ্জিঃ<br>M.Sc in Medical Physics & Bio-Medical Engineering | ২ বৎসর<br>৪ সেমিস্টার | ৯০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ১,২০,০০০ |

## ভেটেরিনারি ও এনিমেল সায়েন্সেস অনুষদ (FACULTY OF VETERINARY AND ANIMAL SCIENCES)

| ক্রমিক নং | অনার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | ৫ম সেমিস্টার | ৬ষ্ঠ সেমিস্টার | ৭ম সেমিস্টার | ৮ম সেমিস্টার | ৯ম সেমিস্টার | ১০ম সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বি এসসি ইন ভেট. সায়েন্স এন্ড এ, এইচ*<br>B. Sc in Vet. Sc. & A. H | ৫ বৎসর<br>৬ মাস ইন্টার্ণশিপ<br>১০ সেমিস্টার | ১৯২ | ৭৫,০০০ | ৭০,০০০ | ৭০,০০০ | ৭০,০০০ | ৭০,০০০ | ৭০,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭৫,০০০ | ৭,২৫,০০০ |

* ইন্টার্ণশিপ বাবদ ৯ম ও ১০ম সেমিষ্টারে (৫,০০০ + ৫,০০০) = ১০,০০০ টাকা অতিরিক্ত প্রদান করতে হবে।

## কৃষি অনুষদ (FACULTY OF AGRICULTURE)

| ক্রমিক নং | অনার্স কোর্সসমূহ | কোর্সের মেয়াদ | মোট ক্রেডিট | ১ম সেমিস্টার | ২য় সেমিস্টার | ৩য় সেমিস্টার | ৪র্থ সেমিস্টার | ৫ম সেমিস্টার | ৬ষ্ঠ সেমিস্টার | ৭ম সেমিস্টার | ৮ম সেমিস্টার | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বি এসসি ইন এগ্রিকালচার (অনার্স)*<br>B. Sc (Hons.) in Agriculture | ৪ বৎসর<br>৮ সেমিস্টার | ১৬৬ | ৪০,০০০ | ৪০,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৪৫,০০০ | ৩,৫০,০০০ |

* উল্লেখিত শিক্ষা ব্যয় জানুয়ারি ২০২৬ সেমিস্টার পর্যন্ত প্রযোজ্য। পরবর্তী সেমিস্টার থেকে শিক্ষা ব্যয় ৪,০০,০০০ টাকা।